দৈনিক ইনকিলাব

তারিখ ... DEC. 2 1 1999
পৃষ্ঠা ১ কলাম ৬

203

# বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রদলের মিছিল ও সমাবেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ সোহেল-পিন্টুসহ ছাত্রদল নেতা-কর্মীদের গ্রেফতারের প্রতিবাদে এবং অবিলম্বে গ্রেফতারকৃতদের মুক্তি দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল (সোমবার) দেশব্যাপী বিক্ষোভ মিছিল ও সমাবেশ কর্মসূচী পালন করে। এ উপলক্ষে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা গতকাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে। ছাত্রদলের শাখা সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে কলা ভবনের সামনে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন

৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## ছাত্রদল

প্রথম পৃষ্ঠার পর

সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি মঞ্জুর-ই-এলাহী, এস এম নূরুজ্জামান, আজিজুল বারী হেলাল, রকিবুল ইসলাম বকুল, এ বি এম মোশাররফ হোসেন, শফিউল বারী বাবু, ফরহাদ হোসেন আজাদ প্রমুখ।

সমাবেশে নেতৃবৃন্দ গ্রেফতারকৃতদের নিঃশর্ত মুক্তি দাবী করে বলেন, অন্যথায় দুর্বার গণআন্দোলনের মাধ্যমে ছাত্র-জনতা কারারুদ্ধ নেতা-কর্মীদের মুক্ত করে আনবে।

এদিকে ছাত্রদল জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগেও গতকাল মিছিল সমাবেশ অনুষ্ঠিত হয়। মুক্তিযুদ্ধের প্রস্তুতি পাদদেশে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদলের সহ-সাধারণ সম্পাদক শহিদুল্লাহ তালুকদার, কাজী রওনাকুল ইসলাম টিপু, শামসুজ্জামান সুরুজ, আব্দুস সাগর প্রমুখ।

### চট্টগ্রামে হরতালে ছাত্রদলের সমর্থন

চট্টগ্রামে বিশ্ববিদ্যালয়ে ছাত্র লীগ সন্ত্রাসী কর্তৃক ছাত্র শিবিরের দু'জন কর্মী নিহত হওয়ার প্রতিবাদে চট্টগ্রামে ছাত্র শিবির আহূত আজকের হরতালে ছাত্রদল সমর্থন দিয়েছে। ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি মঞ্জুর-ই-এলাহী ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মুন্সী বজলুল বাসিত আঞ্জু চট্টগ্রামে হরতাল সফল করার জন্য বিভাগীয় সকল নেতা-কর্মীর প্রতি আহবান জানিয়েছেন।